



INSIDE

- ➔ Preparedness for Prevention and Response to Pandemic Infectious Diseases in Bangladesh
- ➔ Joint Collaborative Efforts for Early Detection of SARS CoV 2 Genomic Variants – A Timely and Successful Intervention for Bangladeshi Policy Makers
- ➔ Use of “Medical Certification of Cause of Death” to Identify Underlying Cause of Death (UCoD)
- ➔ Genetic Spectrum of Congenital Hypothyroid Patients in Hospital Care Settings in Bangladesh

Editor-in-Chief's Note

Prof. Mamunar Rashid

This issue of NBPH deals with articles related to a few of the current health situations prevailing in Bangladesh and the efforts taken by the ongoing available services and measures to improve the same. Obviously the first thing that comes to mind is the ongoing pandemic and how our health services dealt with the same. Like all countries of the world, it took us as a complete surprise with little or no preparation to deal with the same. No earmarked hospitals, no PPE for health providers, very few life support units, drugs based on empirical assumptions, relatives abandoning close ones, only one lab to perform PCR testing for SARS-CoV 2, failing to receive vaccines despite making advance payment was the ground reality.

The Government moved at a lightning speed to tackle the situation. Within a brief span of time, 750 labs all over the country were testing for the virus. Specific anti-viral drugs were not only made available, but produced locally, genomic analysis was possible in certain labs and all target population were to receive the vaccines, including booster doses by June 2022. The response for receiving vaccines amongst all groups of people was unprecedented. Vaccinating 12 million people on a single day was a record in itself. Even minus 70°C storage facilities for temperature sensitive vaccines were arranged at local levels.

Another article in this issue looks at the birth and death registration, particularly putting in record the cause of death as a part of an essential instrument in the delivery of health services. Interestingly this registration was started as early as 1873 but the achieved target remained under three percent putting the entire system under question. Recent measures to rejuvenate the system particularly mandating the cause of death is discussed here.

A clinical paper on congenital hypothyroidism also finds its place in this issue which reveals another issue of public health concern. Genetic etiology of this disease in the Bangladeshi population is put forward.

We do hope the articles will be appreciated for their importance and public health significance.

প্রধান সম্পাদকের কথা

Aa'icK gvghvi i kx`

এনবিপিএইচ-এর এই সংখ্যাটি বিদ্যমান কয়েকটি স্বাস্থ্য পরিস্থিতি এবং সেগুলি মোকাবেলা করার জন্য গৃহীত চলমান পরিষেবা এবং সেগুলোর উন্নতির জন্য কয়েকটি নিবন্ধের সাথে সম্পর্কিত। স্পষ্টতই প্রথম যেটি মনে আসে তা হল চলমান মহামারী এবং কিভাবে আমাদের স্বাস্থ্য পরিষেবাগুলি সেটিকে মোকাবিলা করে চলেছে। বিশ্বের সকল দেশের মতোই আমাদের সামান্য বা কোন প্রস্তুতিই ছিল না। কোন নির্দিষ্ট হাসপাতাল নেই, স্বাস্থ্য প্রদানকারীদের জন্য কোন পিপিই নেই, যৎসামান্য লাইফ সাপোর্ট ইউনিট, অনুমানের উপর ভিত্তি করে ওষুধ প্রয়োগ, নিকটাত্মীয়দের পরিত্যাগ করা, সার্স কোভ-২ নির্ণয়ের লক্ষ্যে পিসিআর পরীক্ষা করার জন্য শুধুমাত্র একটি মাত্র ল্যাব, অগ্রিম অর্থ প্রদান করা সত্ত্বেও ভ্যাকসিন প্রাপ্তিতে ব্যর্থ হওয়া ছিল রুচ বাস্তবতা।

সরকারও স্বাস্থ্য ব্যবস্থা পরিস্থিতি সামাল দিতে বিদ্যুৎ গতিতে এগিয়ে এসেছিল। অতি অল্প সময়ের মধ্যে, সারা দেশে কোভিড ভাইরাস শনাক্তের জন্য ৭৫০টি পিসিআর সমৃদ্ধ পরীক্ষাগার স্থাপন করা হয়। নির্দিষ্ট অ্যান্টি-ভাইরাল ওষুধগুলি শুধুমাত্র সংগ্রহ করাই হয়নি, সেগুলি স্থানীয়ভাবে উৎপাদনও শুরু করা হয়। কয়েকটি নির্দিষ্ট ল্যাবে জিনোমিক বিশ্লেষণ করাও সম্ভব হয়। ২০২২ সালের জুনের মধ্যে বুস্টার ডোজসহ সকল জনগোষ্ঠীকে ভ্যাকসিন প্রয়োগ করা লক্ষ্য নির্ধারণ করা হয়। জনসাধারণের মধ্যে ভ্যাকসিন গ্রহণের প্রতিক্রিয়া ছিল অভূতপূর্ব। একদিনে এক কোটির উর্ধ্ব টিকা দেওয়া একটি মাইলফলক হিসেবে রয়ে যাবে। এমনকি স্থানীয় পর্যায়ে তাপমাত্রা সংবেদনশীল ভ্যাকসিনের জন্য মাইনাস ৭০° সেন্টিগ্রেড স্টোরেজ সুবিধার ব্যবস্থা করাও আরেকটি উল্লেখযোগ্য ঘটনা।

এই সংখ্যার আরেকটি প্রবন্ধে জন্ম ও মৃত্যু নিবন্ধনের দিকে নজর দেওয়া হয়েছে, বিশেষ করে স্বাস্থ্য পরিষেবা সরবরাহের একটি অপরিহার্য উপকরণের অংশ হিসাবে মৃত্যুর কারণ রেকর্ড করা। মজার বিষয় হল এই প্রক্রিয়াটি ১৮৭৩ সালে শুরু হয়েছিল কিন্তু অর্জিত লক্ষ্যমাত্রা রয়ে যায় তিন শতাংশের নিচে, যা পুরো সিস্টেমকেই প্রশ্নের মুখে ফেলেছে। সিস্টেমকে পুনরুজ্জীবিত করার সাম্প্রতিক ব্যবস্থাগুলি বিশেষ করে মৃত্যুর কারণ নিবন্ধিত করা নিয়ে এখানে আলোচনা করা হয়েছে।

জন্মগত হাইপোথাইরয়েডিজমের উপর একটি ক্লিনিকাল পেপারও এই ইস্যুতে স্থান পেয়েছে। বাংলাদেশি জনগোষ্ঠীর মধ্যে এই রোগের জিনগত কারণ নির্ণয়ের চেষ্টা করা হয়েছে।

আমরা আশা করি এই ইস্যুর নিবন্ধগুলি তাদের গুরুত্ব এবং জনস্বাস্থ্যের তাৎপর্যের জন্য প্রশংসিত হবে।

Preparedness for Prevention and Response to Pandemic Infectious Diseases in Bangladesh

M Mushtuq Husain, IEDCR

E-mail: mushtuq@gmail.com

Introduction

Infectious diseases, known or unknown, do not directly turn into pandemics. At first it manifests itself in the form of outbreaks. If the outbreak spreads across the country and the number and rate of human illnesses and deaths are significantly higher than at other times - it can be called an epidemic. And if an epidemic spreads to more than one continent (region of World Health Organization), it can be called a pandemic. National authorities have the right to declare an epidemic, and the World Health Organization has the authority to declare a pandemic. However, if any disease threatens to spread worldwide, it would be declared as a "Public Health Emergency of International Concern (PHEIC)". For

example, both MERS-CoV and Ebola have been declared as PHEIC, but have not been declared as pandemic. But COVID-19 spread very fast from one continent to another. The World Health Organization declared it a pandemic as it spread from the Western Pacific region to the Euro region (Italy) via Southeast Asia region (Thailand).

Early stages of the pandemic can be described as a public health emergency. However, there is no certainty that the public health emergency will turn into an epidemic or a pandemic. However, to prevent an epidemic, every public health emergency must be taken seriously.

Which condition would we call a public health emergency?

Public Health Emergency can be declared if the level and extent of the disease exceeds the usual capacity of the society and health management. If the number of people infected with the disease and the number of deaths increase abnormally, such a situation can be called a public health emergency. However, if a new infectious disease that has already spread rapidly to another country or countries and is capable of making many people sick or dead is also a public health emergency and an epidemic for that new country, even if it is detected as a single case.

বাংলাদেশে সংক্রামক রোগের বিশ্বমারী ঠেকানো ও মোকাবেলার প্রস্তুতি

Dr. Mushtuq Husain, আইইডিসিআর

ভূমিকা

সংক্রামক ব্যাধি সরাসরি বিশ্বমারী বা প্যানডেমিকে পরিণত হয় না। প্রথমে তা প্রাদুর্ভাব বা আউটব্রেক আকারে আত্মপ্রকাশ করে। সংক্রামক ব্যাধি পূর্ব পরিচিত হতে পারে, আবার অজানাও হতে পারে। প্রাদুর্ভাব যদি গোটা দেশজুড়ে ছড়িয়ে পড়ে এবং মানুষের অসুস্থতা এবং মৃত্যুর সংখ্যা ও হার যদি অন্য সময়ের তুলনায় তাৎপর্যপূর্ণভাবে বেশী হয় - তাহলে তাকে মহামারী বা এপিডেমিক বলা যেতে পারে। আর মহামারী যদি একাধিক মহাদেশে (বিশ্ব স্বাস্থ্য সংস্থার অঞ্চল বা রিজিওন) বিস্তৃত হয় তবে তাকে বিশ্বমারী বা প্যানডেমিক বলা যেতে পারে। মহামারী পরিস্থিতি ঘোষণা করার এখতিয়ার দেশীয় কর্তৃপক্ষের, আর বিশ্বমারী ঘোষণা করার এখতিয়ার বিশ্ব স্বাস্থ্য সংস্থার। তবে এর আগের ধাপে কোনো অসুস্থতা বিশ্বব্যাপী ছড়িয়ে পড়ার হুমকি সৃষ্টি করলে তাকে

"আন্তর্জাতিক পর্যায়ে উদ্বেগজনক জনস্বাস্থ্যের জরুরী পরিস্থিতি" (পাবলিক হেলথ এমার্জেন্সি অব ইন্টারন্যাশনাল কনসার্ন) বলে ঘোষণা করা হয়। যেমন মার্স-করোনা কিংবা ইবোলা রোগ দুটি জনস্বাস্থ্যের জন্য আন্তর্জাতিক জরুরী পরিস্থিতি বলা হয়েছে, কিন্তু প্যানডেমিক বলা হয়নি। কিন্তু কোভিড-১৯ অতি দ্রুত এক মহাদেশ থেকে আরেক মহাদেশে ছড়িয়ে পড়ে। পশ্চিম প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল থেকে দক্ষিণ পূর্ব এশিয়া (থাইল্যান্ড) হয়ে ইউরো অঞ্চলে (ইটালী) ছড়িয়ে পড়ার সাথে সাথেই বিশ্ব স্বাস্থ্য সংস্থা একে প্যানডেমিক বা বিশ্বমারী ঘোষণা করে।

বিশ্বমারীর প্রাথমিক অবস্থায় রোগের প্রাদুর্ভাবকে জরুরী জনস্বাস্থ্য পরিস্থিতি হিসেবে বর্ণনা করা যেতে পারে। তবে জনস্বাস্থ্য পরিস্থিতি জরুরী হলেই তা মহামারী বা বিশ্বমারীতে পরিণত হবে এমন কোনো কথা

নেই। মহামারীর প্রতিরোধমূলক ব্যবস্থা হিসেবে জনস্বাস্থ্যের প্রতিটি জরুরী পরিস্থিতিতেই গুরুত্ব দিয়ে ব্যবস্থাপনা করতে হবে।

কোন পরিস্থিতিতে আমরা জনস্বাস্থ্যের জরুরী অবস্থা বলবো?

যে অসুস্থতার মাত্রা ও ব্যক্তি সমাজ ও স্বাস্থ্য ব্যবস্থাপনার স্বাভাবিক ক্ষমতাকে অতিক্রম করে সে ধরনের পরিস্থিতিতে জরুরী পরিস্থিতি বলা যেতে পারে। অসুস্থতায় আক্রান্ত মানুষের সংখ্যা ও মৃত্যুর সংখ্যা যদি অস্বাভাবিকভাবে বেড়ে যায়, সে ধরনের পরিস্থিতিতেই জনস্বাস্থ্যের জরুরী অবস্থা বলা যেতে পারে। তবে নতুন কোনো সংক্রামক ব্যাধি যা ইতিমধ্যে অন্য কোনো দেশে বা দেশসমূহে দ্রুত ছড়িয়ে পড়েছে ও অনেক মানুষকে অসুস্থ করতে বা মৃত্যু ঘটাতে সক্ষম, তা যদি নতুন

What is the plan to prepare and deal with future epidemics?

It is now widely assumed that the COVID-19 is not the last pandemic. Since 2000, the World Health Organization (WHO) has been working to prepare the world for the threat of a new strain of influenza virus. When the new influenza virus H1N1 pandemic 09 spread around the world in 2009, the WHO declared it a global pandemic. However, the death toll from the pandemic was not unusually higher than the seasonal flu. Unfortunately, this led to a kind of lethargy in the preparedness for future pandemics. In this background, the outbreak of COVID in 2019 struck like a 'bolt from the blue'.

It is being estimated that the COVID-19 pandemic has caused thousands /

কোন দেশে একটিও শনাক্ত হয় - সেটাও ঐ নতুন দেশের জন্য জনস্বাস্থ্যের জরুরী অবস্থা ও মহামারী বলে চিহ্নিত হয়।

ভবিষ্যৎ বিশ্বমারীর প্রস্তুতি ও মোকাবেলার পরিকল্পনা কি?

এ কথাটা এখন বহুল উচ্চারিত যে, কোভিড-১৯ বিশ্বমারীই শেষ বিশ্বমারী নয়। ২০০০ সাল থেকে ইনফ্লুয়েঞ্জার নতুন ধরণের ভাইরাস দ্বারা বিশ্বমারী ঘটতে পারে, এ আশংকা থেকে সারা বিশ্বে প্রস্তুতি নেবার জন্য বিশ্ব স্বাস্থ্য সংস্থা কাজ শুরু করে। ২০০৯ সালে নতুন ইনফ্লুয়েঞ্জা ভাইরাস এইচ১ এন১ প্যানডেমিক ০৯ সারা পৃথিবীতে ছড়িয়ে পড়লে একে বিশ্বমারী বলে ঘোষণা করে বিশ্ব স্বাস্থ্য সংস্থা। যদিও এ বিশ্বমারীতে মৃত্যুর সংখ্যা মৌসুমী ইনফ্লুয়েঞ্জায় মৃত্যুর তুলনায় অস্বাভাবিক ছিল না। এর পরে সারা দুনিয়ায় বিশ্বমারী প্রস্তুতি কাজে এক ধরণের ঢিলেমী পেয়ে বসে। এ কাজে প্রয়োজনীয় মনোযোগ না দেয়ায় বিশ্ব

million times more damage than it would have cost to prepare for the pandemic. An independent panel commissioned by the WHO, in their report submitted in January (2021) said now is the time to invest enough resources to prepare for response to future pandemics. In September 2020, the health ministers of G20 countries met in Rome, Italy, and in a joint declaration pledged to tackle future pandemics through global solidarity.

Preparing for a public health emergency or epidemic / pandemic on a larger scale is not

just about responding to an event, but also about detecting an outbreak, preventing it, responding to it, mitigate the damage if it spreads, and bringing the situation back to normal.

WHO has formulated check lists and indicators to enable member states to address public health emergency as per International Health Regulations 2005, and is monitoring them regularly. Bangladesh is also involved in that process. In 2019, Bangladesh drafted a National Action Plan for Health Security (NAPHS). Meanwhile the response to the COVID-19 pandemic is going on, based on the capacity developed for pandemic preparedness in this country. At the same time, it is necessary to take forward the work of developing plans to



img: Google.com

ঘোষণাতে বিশ্বব্যাপী সংহতির মাধ্যমে ভবিষ্যৎ বিশ্বমারী মোকাবেলার অঙ্গীকার ঘোষণা করেছে।

স্বাস্থ্য সংস্থা, মার্কিন যুক্তরাষ্ট্রের সিডিসি প্রভৃতি প্রতিষ্ঠান ভবিষ্যৎ বিশ্বমারী প্রসঙ্গ এক প্রকার ভুলে যেতেই বসে। এ অবস্থায় ২০১৯ সালে কোভিড-১৯ এর আবির্ভাব অনেকটা বিনা মেঘে বজ্রপাতের মতই ছিল।

এখন বিশ্বের উচ্চ আয়ের দেশগুলো বলছে যে, বিশ্বমারী প্রস্তুতির জন্য যত টাকা খরচ হত, তার চেয়ে কয়েক হাজার/ লক্ষ গুণ ক্ষতি হয়েছে এ কোভিড-১৯ বিশ্বমারীতে। এবার বিশ্ব স্বাস্থ্য সংস্থা কর্তৃক নিয়োজিত একটি স্বাধীন প্যানেল ২০২১এর জানুয়ারীতে পেশকৃত প্রতিবেদনে বলেছে, সময় থাকতে অনাগত বিশ্বমারী প্রস্তুতি ও মোকাবেলার জন্য পর্যাপ্ত সম্পদ বিনিয়োগ করার জন্য। ২০২০এর সেপ্টেম্বরে জি২০ গোষ্ঠীর বিশিষ্ট দেশের স্বাস্থ্য মন্ত্রীবৃন্দ ইতালীর রোমে মিলিত হয়ে যৌথ

জনস্বাস্থ্যের জরুরী অবস্থা বা বৃহত্তর পরিসরে মহামারী/ বিশ্বমারী মোকাবেলার কাজ শুধু ঘটনাকে মোকাবেলাই নয়, এর মধ্যে পড়ে প্রাদুর্ভাব শনাক্ত করা, একে প্রতিরোধ করা, মোকাবেলা করা, ছড়িয়ে পড়লে ক্ষয়ক্ষতি কমানো, মহামারী শেষে পুনরায় স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনা - এ গোটা ব্যবস্থাটাই হচ্ছে প্রস্তুতির অন্তর্গত।

বিশ্বমারী প্রস্তুতির অংশ হিসেবে জরুরী জনস্বাস্থ্য পরিস্থিতি মোকাবেলার জন্য আন্তর্জাতিক স্বাস্থ্য বিধি ২০০৫ অনুযায়ী বিশ্ব স্বাস্থ্য সংস্থা সদস্য রাষ্ট্রগুলোকে সক্ষম করে তোলার জন্য নির্দেশিকা জারী করেছে ও নিয়মিত পরিবীক্ষণ করছে। বাংলাদেশও সে

deal with the future pandemic or its precursor-public health emergency.

The basic principles to develop such a plan

Such plans will involve community ownership, national institutional ownership, active and sustained multi-sectoral and multilateral partnerships, gender and human rights, equity, evidence based, transparency, sustainability, resilience, public private partnership, continuous improvement, collaboration and coordination.

It is important to determine the strategy at the beginning of the plan.

These could be:

a) Identifying the risks and updating it periodically:

- (1) Risk and vulnerability analysis
- (2) Identify possible scenarios

b) Developing action plan based on

risks, updating periodically:

- (1) Hazard specific plan (e.g., Nipah, Dengue, Cholera)
- (2) Sector specific plan (e.g., Health, Livestock)

c) Deployment of financial, human and other resources in such a way that it is ready for instant use:

- (1) Framework for mobilizing funds
- (2) Training and refresher's training, simulation exercise

d) Developing coordinated inter-sectoral incident management system, and

functioning public health emergency operation centre:

- (1) Identify relevant legal authorities
- (2) Prepare Emergency Operation Center
- (3) Plan for activation mechanism
- (4) Roles and responsibilities (e.g., institutional, personal)

e) Continuing essential health services:

- (1) Supporting Universal Health Coverage
- (2) Supporting operation of healthcare facilities
- (3) Supporting MCH services, EPI
- (4) Supporting emergency health services

f) Ensuring risk communication and community engagement:

- (1) Data collection, analysis, and information sharing



Img: Google.com

যাত্রায় সামিল। ২০১৯ সালে বাংলাদেশ স্বাস্থ্য প্রতিরক্ষার জন্য একটি জাতীয় কর্মপরিকল্পনার (ন্যাপস) খসড়া প্রস্তুত করে। এর মধ্যেই চলে এলো কোভিড-১৯ বিশ্বমারী। বিশ্বমারী প্রস্তুতির যতটুকু সক্ষমতা এদেশে হয়েছে তার ওপর ভিত্তি করেই বিশ্বমারী মোকাবেলার কাজ চলছে। পাশাপাশি ভবিষ্যৎ বিশ্বমারী বা তার পূর্বরূপ জরুরী জনস্বাস্থ্য পরিস্থিতি মোকাবেলা পরিকল্পনা তৈরীর কাজ এগিয়ে নেয়া প্রয়োজন।

যে মূলনীতি অনুসরণ করে এ ধরনের পরিকল্পনা করা দরকারঃ

এগুলো হচ্ছে - জনগণের মালিকানা, জাতীয় প্রতিষ্ঠানগুলোর মালিকানা, বহুখাতভিত্তিক ও বহুপাক্ষিক সক্রিয় টেকসই অংশীদারিত্ব, নারী অধিকার ও মানবাধিকার, সমতা, প্রমাণভিত্তিক, স্বচ্ছতা, টেকসই, সহনশীলতা, সরকারী-বেসরকারী অংশীদারিত্ব, অব্যাহত উৎকর্ষতা-সহযোগিতা-সমন্বয়। পরিকল্পনার শুরুতে কর্মকৌশল (স্ট্র্যাটেজি) নির্ধারণ করা গুরুত্বপূর্ণ।

সেগুলো হতে পারেঃ

(ক) সংক্রামক রোগের ঝুঁকিগুলো চিহ্নিত করা ও চিহ্নিতকরণের কাজটা সময় সময় হালনাগাদ রাখা

(১) ক্ষতিগ্রস্ত হবার ঝুঁকির ক্ষেত্রগুলো ও ঝুঁকিসমূহ বিশ্লেষণ

(২) সম্ভাব্য পরিস্থিতির চিত্র নিরূপণ করা

(খ) এর ভিত্তিতেই কর্মপরিকল্পনা প্রণয়ন ও তা সময়ে সময়ে হালনাগাদ করণ

(১) সমস্যানির্দিষ্ট পরিকল্পনা (যেমন: নিপাহ, ডেঙ্গু)

(২) খাত ভিত্তিক পরিকল্পনা (যেমন: স্বাস্থ্য, প্রাণী)

(গ) জরুরী ভিত্তিতে ব্যবহারক্ষম প্রয়োজনীয় অর্থসম্পদ ও জনবল প্রস্তুত রাখা যেমন

(১) অর্থ সংস্থানের কাঠামো তৈরী রাখা

(২) ধারাবাহিক প্রশিক্ষণের মাধ্যমে সংশ্লিষ্ট কর্মী বাহিনীর সক্ষমতা বজায়

রাখা

(ঘ) নেতৃত্ব ও সমন্বয় ব্যবস্থা প্রস্তুত রাখা যেন জরুরী পরিস্থিতির উদ্ভব হলে কে কোন কাজটি করবে তা আগে থেকেই জানা থাকে

(১) সংশ্লিষ্ট আইনী কর্তৃপক্ষ সুচিহ্নিত করা

(২) এ জন্যে জরুরী কার্যক্রম পরিচালনা কেন্দ্র (ইমার্জেন্সি অপারেশন সেন্টার) প্রস্তুত রাখা

(৩) পরিচালনা কেন্দ্র থেকে মোকাবেলা কার্যক্রম সক্রিয়করণ

(৪) নেতৃত্বদানকারী ও সহায়ক মন্ত্রণালয়সমূহ, অংশীদার সংস্থাসমূহ ও ব্যক্তিবিশেষদের ভূমিকা নির্ধারণ করে রাখা

(ঙ) অত্যাবশ্যকীয় স্বাস্থ্যসেবা অব্যাহত রাখা

(১) সর্বজনীন স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত সহায়তা করা

(২) স্বাস্থ্যসেবাদানকারী প্রতিষ্ঠানগুলো চালু রাখতে সহায়তা করা

(৩) মা ও শিশু স্বাস্থ্যের জনস্বাস্থ্য কার্যক্রম অব্যাহত রাখতে সহায়তা করা


- (2) Working with mass media
- (3) Information hub

The feature of this plan is to ensure that if a public health emergency arises (which could happen suddenly), it can be responded rapidly with the existing resources. It is necessary to update the preparedness plan by regular simulation exercises to further improve the management of the future emergency, to build upon from past experiences after responding to a public health emergency. Most important is the political commitment from the highest authority.

If this plan is to succeed, it has to be developed at all levels and in all areas including district-upazila-city, hill-forest-char areas, uprooted people etc. keeping in mind that none is left behind.

Conclusion

The protection and security of public health is at the core of the country's continued prosperity and development. The provision and use of resources is an important investment in dealing with public health emergency as well as building a robust public health system. COVID-19 has pointed out that if the security of public health is not ensured, the economy, society and politics of the country will become insecure. Threats to public health mainly originate from infectious diseases. Therefore, every country must always be prepared to detect infectious diseases, preventing their spread and to mitigate the casualty (an epidemic cannot eventually be stopped, but it can be delayed to facilitate preparedness). It should be remembered, this cannot be dealt with by any temporary or emergency measures. A permanent response system must be ensured.



- (৪) জরুরী স্বাস্থ্যসেবা সার্বক্ষণিকভাবে চালু রাখতে সহায়তা করা
- (৫) স্বাস্থ্যঝুঁকি অবহিতকরণ ও ঝুঁকি প্রশমনে জনসম্পৃক্ততা
 - (১) তথ্য সংগ্রহ, বিশ্লেষণ ও তথ্য বিনিময়
 - (২) গণমাধ্যমের সাথে কাজ করা
 - (৩) তথ্য কেন্দ্র

এ পরিকল্পনার বৈশিষ্ট্য হচ্ছে জরুরী জনস্বাস্থ্য পরিস্থিতির উদ্ভব হলে (যা হঠাৎ করেই ঘটবে) তাকে বিদ্যমান সম্পদ দিয়েই কত দ্রুত সামাল দেয়া যায় তা নিশ্চিত করা। এক্ষেত্রে দরকার হচ্ছে বার বার মহড়া দিয়ে প্রস্তুতি পরিকল্পনাকে হালনাগাদ করে রাখা, একটি জনস্বাস্থ্য পরিস্থিতি মোকাবেলা শেষে তার অভিজ্ঞতা থেকে পরবর্তী জরুরী পরিস্থিতি ব্যবস্থাপনাকে আরো উন্নত করে তোলা। সবচেয়ে গুরুত্বপূর্ণ হচ্ছে সর্বোচ্চ কর্তৃপক্ষের রাজনৈতিক অঙ্গীকার।

শুধুমাত্র জাতীয় পর্যায়ে মাথায় রেখে এ পরিকল্পনা করলে তা পূর্ণাঙ্গ হবে না।

জেলা-উপজেলা-নগর, পাহাড়-বন-চরাঞ্চল, ছিন্নমূল জনগোষ্ঠী প্রভৃতি ক্ষেত্রগুলো বিবেচনায় নিতে হবে - এক কথায় কাউকে পেছনে ফেলে রাখা যাবে না।

শেষ কথা

দেশ তথা বিশ্বের অব্যাহত সমৃদ্ধি ও উন্নয়নের প্রাণকেন্দ্রে দাঁড়িয়ে আছে জনস্বাস্থ্যের সুরক্ষা ও নিরাপত্তা। জরুরী জনস্বাস্থ্য পরিস্থিতি মোকাবেলা তথা শক্তিশালী জনস্বাস্থ্য ব্যবস্থা গড়ে তোলার জন্য সম্পদের যোগান ও ব্যবহার একটি গুরুত্বপূর্ণ বিনিয়োগ। কোভিড-১৯ বিশ্বমারী চোখে আঙ্গুল দিয়ে দেখিয়েছে যে, জনস্বাস্থ্যের নিরাপত্তা নিশ্চিত না হলে দেশের অর্থনীতি, সমাজ, রাজনীতি সবই নিরাপত্তাহীন হয়ে পড়ে। জনস্বাস্থ্যের জন্য হুমকী সৃষ্টি হয় প্রধানতঃ সংক্রামক ব্যাধি থেকেই। তাই প্রতিটি দেশকে সংক্রামক ব্যাধি খুঁজে বের করার জন্য, তার বিস্তার ঠেকানোর জন্য ও তা ছড়িয়ে পড়লে (মহামারী শেষ পর্যন্ত ঠেকানো যায় না, তবে যত বিলম্বিত করা যাবে ততই প্রস্তুতি নেয়া যাবে) মোকাবেলা করে ক্ষয়ক্ষতি

কমানোর জন্য সদা প্রস্তুত থাকতে হবে। মনে রাখা দরকার, এটা কোনো সাময়িক বা আপদকালীন অস্থায়ী ব্যবস্থা দিয়ে মোকাবেলা করা যাবে না। এজন্য দরকার একটা স্থায়ী ব্যবস্থা।



Joint Collaborative Efforts for Early Detection of SARS CoV 2 Genomic Variants – A Timely and Successful Intervention for Bangladeshi Policy Makers

Dr. Manjur Hossain Khan, IEDCR

E-mail: kxanmanjur56@gmail.com

After the first detection of SARS-CoV-2 in Wuhan, China in 2019, several SARS-CoV-2 variants have been detected since September 2020 such as Alpha variant (B.1.1.7), Beta variant (B.1.351), Gamma variant (P.1), Delta variant (B.1.617.2), Eta (B.1.525) G/484K.V3 (Nigeria variant), lambda variant (C.37) and many other Variant of Concern (VOC), Variant of Interest (VOI), Variant Under Investigation (VUI). These variants have emerged and replaced the previously circulating strains. Some of these variants are reported to be more transmissible. Most of the above-mentioned variants have been reported from Bangladesh. So far the Institute of Epidemiology, Disease Control and Research (IEDCR), International Centre

for Diarrheal Disease Research, Bangladesh (icddr,b), Institute for developing Science and Health initiatives (ideSHi) combined sequenced more than 1300 specimens and uploaded in Global Initiative on Sharing all Influenza Data (GISAID).

In Bangladesh, the first 3 laboratory confirmed cases of SARS-CoV 2 were detected on 8th March, 2020 at IEDCR. At that time, IEDCR Virology lab was the only lab that had the capacity to perform PCR testing for SARS-CoV 2 in Bangladesh. With the increasing number of cases, in addition to IEDCR, the Government of Bangladesh took the initiative to expand the testing capacity (RT-PCR, gene xpert, Antigen

testing) all over the country since April 2020. Now there are more than 750 labs (Govt and Private) all over the country with a testing capacity (RT PCR+ Antigen testing+ Gene xpert) of around 50000 per day. However, only a few labs in Bangladesh have the genomic sequencing capacity.

A joint study by IEDCR- icddr- ideSHi showed that in the initial phase of COVID-19 pandemic, there were three lineages of Wuhan Strain circulating in the country. Population mobility patterns analyzed from digital trace and mobile phone data found the circulating strain dispersed from point of entry to different parts of the country.

In 2021, sequence analysis of samples in

যৌথ প্রচেষ্টায় দ্রুত সার্স কোভ ২ জেনোমিক ভ্যারিয়েন্ট নির্ণয় : বাংলাদেশের নীতিনির্ধারকদের জন্য একটি সময়োপযোগী ও সফল পদক্ষেপ

Dr. Manjur Hossain Khan, আইইডিসিআর

২০১৯ এ চীনের উহান শহরের সার্স কোভ ২ এর প্রথম শনাক্তকরণের পর ২০২০ এর সেপ্টেম্বর থেকে এ পর্যন্ত সার্স কোভ ২ এর বিভিন্ন ধরনের জেনেটিক ভ্যারিয়েন্ট পাওয়া গেছে যার মধ্যে রয়েছে আলফা (বি.১.১.৭), বিটা (বি.১.৩৫১) গামা (পি.১) ডেল্টা (বি.১.৬১৭.২), ইটা (বি.১.৫২৫), জি ৪৮৪/কে (নাইজেরিয়া ভেরিয়েন্ট), ল্যাম্বডা ভ্যারিয়েন্ট (সি.৩৭) ইত্যাদি। এছাড়াও উদ্বেগজনক ভ্যারিয়েন্ট (ভিওসি), আগ্রহ সৃষ্টিকারী ভ্যারিয়েন্ট (বিভিওআই) ও তদন্তের অধীনে থাকা (ভিইউআই) ভ্যারিয়েন্টসহ আরো অনেক রকমের ভ্যারিয়েন্ট বা ভাইরাসের স্ট্রেন নতুন করে পাওয়া যাচ্ছে, যা পূর্ববর্তী ধরণগুলোকে প্রতিস্থাপিত করছে। এর মধ্যে কিছু ধরণ সহজেই স্থানান্তরযোগ্য বলে প্রমাণিত হয়েছে। এর বেশিরভাগই পাওয়া গেছে বাংলাদেশে এবং রোগতত্ত্ব, রোগ

নিয়ন্ত্রণ ও গবেষণা কেন্দ্র (আইইডিসিআর), আন্তর্জাতিক উদরাময় গবেষণা কেন্দ্র (আইসিডিডিআরবি), উন্নয়নশীল বিজ্ঞান ও স্বাস্থ্য প্রতিষ্ঠান (আইদেশী)-এর যৌথ প্রয়াসে। প্রায় ১৩০০ নমুনা বিশ্লেষণ করে পাওয়া তথ্য গ্লোবাল ইনিশিয়েটিভ অন শেয়ারিং অল ইনফ্লুয়েঞ্জা ডেটাতে উন্মুক্ত করে দেয়া হয়েছে।

বাংলাদেশে ৮ই মার্চ ২০২০-এ প্রথমবার সার্স কোভ ২ এর ৩ টি নমুনা আইইডিসিআরের ল্যাবরেটরীতে শনাক্ত করা হয়। ওই সময়ে আইইডিসিআরের ল্যাবরেটরি ছিল দেশের একমাত্র পিসিআর পরীক্ষার ক্ষমতাসম্পন্ন ল্যাব যেখানে সার্স কোভ ২-এর পরীক্ষা করা সম্ভব ছিল। অসুস্থতা বৃদ্ধির সাথে সাথে বাংলাদেশ সরকার ২০২০-এর এপ্রিলে আইইডিসিআর এর বাইরেও এসব পরীক্ষা (যেমন আরটিপিসিআর, জিন এক্সপার্ট অ্যান্টিজেন

টেস্টিং ইত্যাদি) করার সক্ষমতা সম্প্রসারণের উদ্যোগ নেয়। বর্তমানে সারা দেশে ৭৫০টিরও বেশী (সরকারি ও বেসরকারি) ল্যাবরেটরি চালু রয়েছে যাদের রোজ ৫০০০০ করে এই পরীক্ষাগুলো করার সক্ষমতা রয়েছে। তবে এদেশে খুব অল্পসংখ্যক ল্যাবেরই জেনোমিক সিকোয়েন্সিং-এর ক্ষমতা রয়েছে।

আইইডিসিআর- আইসিডিডিআরবি - আইদেশী, একটি গবেষণা থেকে বলছে কোভিড-১৯ শুরু হওয়ার দিকে এদেশে উহান'স স্ট্রেনের তিনটি জাত্যাংশ ছিল। ডিজিটাল ট্রেসিং ও মোবাইল ফোনের উপাত্ত থেকে জনগণের চলাচলের প্যাটার্ন বিশ্লেষণ করে দেখা যায় এই স্ট্রেনটি প্রবেশের কেন্দ্র থেকে দেশের বিভিন্ন স্থানে কিভাবে দ্রুত ছড়িয়ে পড়েছিল।

Bangladesh from November 2020 to March 2021 revealed the introduction of Alpha variant (B.1.1.7) and Beta (B.1.351) in December and February respectively. Both these variants have predominance in Dhaka City. Moreover, the Delta variant (B.1.617.2) detection in April 2021 in Bangladesh illustrated the importance of real-time genomic surveillance to trace and reduce the possibility of countrywide spread. With this view, to scale-up whole genome sequencing (WGS) capacity to support the public health control measures, a genomic consortium is formed by IEDCR, icddr, b, ideSHi and Child Health Research Foundation (CHRF). IEDCR is designated as the leading institute for this consortium. The objective of this surveillance is to carry out National SARS-CoV-2 genomic surveillance in Bangladesh through institutional collaborative efforts and systematic


approach to inform country decision-makers. Seventeen donor labs from all over the country are identified and these donor labs are responsible to provide samples with a target number in regular interval. The project is supported by Bill & Melinda Gates Foundation (BMGF) and target sequence has been set at around 1800 in one year. For genomic capacity building all over the country, another grant from 'Well Come Trust' has been approved.

Genomic analysis of SARS-CoV2 variants in Bangladesh provided the necessary information to the policy makers to take immediate action. For example, the government immediately quarantined cases who were positive for the SARS-CoV2 Alpha

variant (B.1.1.7) and their contacts, and enforced mandatory institutional quarantine for 14 days for any incoming passengers from high-risk countries to Bangladesh.

When the Beta variant (B.1.351) emerged in Bangladesh, the government immediately quarantined infected individuals and their contacts, imposed restrictions on intercity movement and successfully contained the transmission across the country. After the emergence of Delta variant in the country, along with the above measures, the Indian border was closed and there was a complete lock down for 6 weeks.

The global incidence of VOCs has continued to rise linearly throughout 2021, and lessons learnt during the initial waves in 2020 (such as spread through mass migration) needs to be applied to curtail the curve of the ongoing pandemic.



Detection of different variants at different time period

বাংলাদেশের ২০২০-এর নভেম্বর থেকে ২০২১-এর মার্চ পর্যন্ত নমুনার সিকোয়েন্স

২০২১-এ বিশ্লেষণ করে ডিসেম্বরে আলফা এবং ফেব্রুয়ারীতে বিটা ভ্যারিয়েন্ট শনাক্ত করা হয়। দুটি ধরনেরই ঢাকায় বিস্তারের প্রাধান্য ছিল। এর ওপরে ২০২১-এর এপ্রিলে বাংলাদেশে ডেল্টা ভ্যারিয়েন্টের শনাক্তকরণ ও বিস্তার হ্রাসে রিয়েল টাইম জেনোমিক সিকোয়েন্সিং এর উপর গুরুত্ব আরোপ করা হয়। এই দৃষ্টিকোণ থেকে জনস্বাস্থ্য নিয়ন্ত্রণকল্পে, আইইডিসিআর থেকে জনস্বাস্থ্য নিয়ন্ত্রণকল্পে, আইইডিসিআর আইসিডিডিআরবি এবং শিশু স্বাস্থ্য গবেষণা ফাউন্ডেশন (সিএইচআরএফ) দেশে সম্পূর্ণ জিনোম সিকোয়েন্সিং ক্ষমতা গড়ে তুলতে একটি কনসোর্টিয়াম প্রতিষ্ঠা করে যার নেতৃত্ব দিচ্ছে আইইডিসিআর। এই সার্ভেইলেন্স এর উদ্দেশ্য প্রাতিষ্ঠানিক আন্তঃসহযোগিতার মাধ্যমে দেশজুড়ে জাতীয় সার্স কোভ -২ এর জেনোমিক সার্ভেইলেন্স চালিয়ে জাতীয় পর্যায়ে সিদ্ধান্ত নেবার জন্য গণতান্ত্রিক উপায়ে তথ্য পরিবেশন করা। দেশব্যাপী ১৭টি দাতা ল্যাবরেটরি আছে যারা প্রতি চালানে অভিস্ট

সংখ্যক নমুনা প্রেরণ করে থাকে। এই প্রকল্পে কারিগরী সহায়তা দিচ্ছে বিল এন্ড মেলিন্ডা গেটস ফাউন্ডেশন। অভিস্ট সিকোয়েন্সিং সংখ্যা এক বছরে প্রায় ১৮০০ নিদিষ্ট করা হয়। জিনোমিক সিকোয়েন্সিং এর সক্ষমতা বৃদ্ধির উদ্দেশ্যে ইতোমধ্যেই ওয়েলকাম ট্রাস্ট থেকে আরেকটি অনুদান পাওয়া গিয়েছে।

বাংলাদেশ সার্স কোভ-২- এর জেনোমিক বিশ্লেষণ, নীতি প্রণয়নকারীদের প্রয়োজনীয় তথ্য সরবরাহ করবে। উদাহরণ হিসেবে বলা যায় বাংলাদেশ সরকার সার্স কোভ -২ আলফা ভ্যারিয়েন্ট পজেটিভ হওয়া সকল রোগীকে (এদের মাঝে ভ্রমণকারী ও তাদের সংস্পর্শে আসা সবাই রয়েছেন) অতিস্বত্তর কোয়ারেন্টিনে এবং উচ্চ ঝুঁকিপূর্ণ দেশ সমূহ থেকে আগত যাত্রীদের ১৪ দিনের বাধ্যতামূলক প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টিনে পাঠিয়েছিল।

বাংলাদেশে যখন বিটা ভ্যারিয়েন্টের প্রাবল্য দেখা দিয়েছিল তখন সরকার

দ্রুত সংক্রমিত ব্যক্তি, তাদের সংস্পর্শে আসা মানুষদের কোয়ারেন্টিনে পাঠিয়েছিল, আন্তঃজেলা চলাচল নিষিদ্ধ করে দিয়ে সফলভাবে বাংলাদেশের সংক্রমণ বিস্তার নিয়ন্ত্রণ করেছিল। যখন ডেল্টা ভ্যারিয়েন্ট পাওয়া যায় তখন ভারতীয় বর্ডার বন্ধ করে দেয়া হয়েছিল এবং সংক্রমণ ঠেকাতে সেখানে ছয় সপ্তাহের “লক ডাউন” ঘোষণা করা হয়।

২০২১ জুড়ে বিশ্বব্যাপী উদ্বেগজনক ভ্যারিয়েন্টেরগুলোর একই ধারায় উত্থান এবং ২০২০-এর প্রারম্ভিক ডেউগুলো থেকে উপলব্ধ শিক্ষা (জনঅভিপ্রায়নের মাধ্যমে সংক্রমণ বিস্তার) বর্তমানে চলতে থাকা মহামারীর ডেউ থামাতে প্রয়োগ করতে হবে।

Use of “Medical Certification of Cause of Death” (MCCoD) to Identify Underlying Cause of Death (UCoD)

Dr. Shah Ali Akbar Ashrafi, MIS, DGHS
E-mail: drshahashrafi@gmail.com

A well-functioning Civil Registration and Vital Statistics (CRVS) system registers births and deaths, and captures information on cause of death. It generates critical information for individuals and for the health sector related to maternal and child health, disease-specific mortality, and vital statistics such as population, fertility and mortality.

Strengthening birth and death registration, with a reliable cause of death, are critical health sector interventions for the delivery of care and measurement of results. Innovative approaches, especially using Information and Communication Technology (ICT), are being applied in many countries and projects. Unfortunately, many countries do not have adequate CRVS systems in

place, resulting in many life events being officially invisible and essential health and vital statistics information consequently unavailable. Health innovations can be seen as a critical component of CRVS system strengthening and is increasingly recognized as a central pillar of a CRVS system. Regional and country approaches are highlighting the essential role of health innovation and technology to support improvement in CRVS systems. Innovations in health system are being utilized now to improve birth and death registration, to capture community births and deaths, and to generate improved information on mortality.

A CRVS system has been in place in Bangladesh since colonial times: the birth

